ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# নিউজ সারাদিন




বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

DL- No.-03 /Date:29/02/2025 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ১১৫ ● কলকাতা ● ১৫ বৈশাখ, ১৪৩২ ● মঙ্গলবার ● ২৯ এপ্রিল ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা


## ভারতের প্রত্যাঘাতের ভয়ে জঙ্গিদের পাতালে নিরাপদ আশ্রয়ে সরাল পাক সেনা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**ইসলামাবাদ:** পহেলগাঁওয়ে নিরীহ পর্যটকদের হত্যালীলার বদলা নিতে দিল্লি বদ্ধপরিকর বুঝতে পেরেই জঙ্গিদের নিরাপদ আশ্রয়ে সরিয়ে নিতে শুরু করেছে পাকিস্তান সেনা। সূত্রের খবর, পাক অধিকৃত কাশ্মীরে থাকা বিশেষ শিবির বা লঞ্চ প্যাড থেকে সরে গিয়ে মাটির তলায় থাকা বিশেষ বাঙ্কারে গা ঢাকা দেওয়ার নির্দেশ দিয়েছে।পহেলগাঁওয়ে সংগঠিত হত্যালীলার বদলা নিতে ভারত যে কোনও মুহূর্তে প্রত্যাঘাত করতে পারে এমন আশঙ্কায় রাতের ঘুম উড়েছে পাকিস্তানি সেনার। তাই ভারতে নাশকতা চালানোর জন্য পোষ্য জঙ্গিদের বাঁচাতে আসরে নেমেছে পাক সেনাপ্রধান আসিম মুনির ও তার স্যাঙাতরা। গত ২৪ ঘন্টায় পাক অধিকৃত কাশ্মীরের কেল, সারদি, দুধনিয়াল, আতমুকাম, জুরা, লিপা, পাচ্চিবান,

এরপর ৩ পাতায়


## ভারতের পাশে আমেরিকা', যুদ্ধ আবহে স্পষ্ট বার্তা ট্রাম্প প্রশাসনের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

পহেলগাঁওয়ে পাক মদতপুষ্ট সন্ত্রাস ও ২৬ মৃত্যুর ঘটনায় দ্বিধাবিভক্ত বিশ্বকূটনীতি। এই ইস্যুতে চিন পাকিস্তানের পক্ষ নিতেই ভারতের পাশে দাঁড়াল আমেরিকা। দায়িত্বশীলভাবে পরিস্থিতি মোকাবিলার বার্তা দিয়ে মার্কিন বিদেশ দপ্তরের তরফে স্পষ্টভাবে

এরপর ৩ পৃষ্ঠায়




# কাশ্মীরে সন্ত্রাসবাদী হামলার প্রতিবাদে বর্ধমান জেলা আদালতে আইনজীবীদের কেন্দ্রীয় প্রতিবাদ সভা




**কৃষ্ণ সাহা, পূর্ব বর্ধমান**

কাশ্মীরে সাম্প্রতিক সন্ত্রাসবাদী হামলা ও সাধারণ নাগরিকদের হত্যার ঘটনার বিরুদ্ধে সরব হলেন পূর্ব বর্ধমান জেলা আদালতের আইনজীবীরা। সোমবার, বর্ধমান জেলা জজ কোর্ট প্রাঙ্গণে বার অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে এক কেন্দ্রীয় প্রতিবাদ সভার আয়োজন করা হয়।

সভায় বার অ্যাসোসিয়েশনের বহু সদস্যরা উপস্থিত ছিলেন। তাঁরা জাতীয় পতাকা হাতে সন্ত্রাসবাদের বিরুদ্ধে সোচ্চার হন এবং শহিদদের স্মরণে পুষ্পার্ঘ্য দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন। বক্তারা কেন্দ্র ও রাজ্য সরকারের কাছে দাবি জানান, যাতে কাশ্মীর উপত্যকায় দ্রুত নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার করা হয় এবং দোষীদের বিরুদ্ধে কঠোরতম পদক্ষেপ গ্রহণ করা হয়।

প্রতিবাদ সভায় উপস্থিত ছিলেন বর্ধমান জেলা আদালতের ফার্স্ট ট্র্যাক সেকেন্ড কোর্টের বিচারক অরবিন্দ মিশ্র। তিনি তাঁর বক্তব্যে বলেন, "এদিন দেশের প্রতি আমাদের কর্তব্য হলো ঐক্যবদ্ধভাবে সন্ত্রাসবাদ ও বিভাজনের রাজনীতির বিরুদ্ধে দাঁড়ানো। কাশ্মীরে যেভাবে নিরীহ মানুষ প্রাণ হারাচ্ছেন, তা মানবতার পরাজয়। আমাদের আইনজীবী সমাজেরও কর্তব্য, আইন ও সংবিধানের মাধ্যমে দেশকে রক্ষা করা"।

সভায় আরও উপস্থিত ছিলেন বার অ্যাসোসিয়েশনের সভাপতি, সম্পাদক এবং সিনিয়র আইনজীবীরা। তাঁদের বক্তব্যেও একইভাবে সন্ত্রাসবাদী কার্যকলাপের তীব্র নিন্দা ও শহিদদের প্রতি সম্মান জানানো হয়।

সভা শেষে শহিদদের উদ্দেশে এক মিনিট নীরবতা পালন করা হয়।

## মৃত্যুর কয়েক মাস পরেও অভয়ার মোবাইল ব্যবহার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**


অভয়ার মা-বাবার নয়া দাবিতে আরও জটিল হচ্ছে রহস্য! আর জি কর মেডিক্যাল কলেজ হাসপাতালে তরুণী চিকিৎসকের মৃত্যুর পরও তাঁর মোবাইল ব্যবহার করা হয়েছে, সোমবার শিয়ালদহ আদালতে এমন দাবি করল অভয়ার পরিবার। এদিন কোর্টে মুখবন্ধ খামে পুরো ঘটনা নিয়ে একটি সিনোপসিস জমা করেছেন তাঁরা। কিন্তু তা গ্রহণ করেনি আদালত।সূত্রের দাবি, আপাতত নির্যাতিতার মোবাইল সিবিআই হেফাজতে রয়েছে। অনেক সময় তদন্তের স্বার্থে তারা নানা হোয়াটসঅ্যাপ গ্রুপ লেফট করে। এটাও সেরকম

এরপর ৪ পাতায়

# সালিশী সভায় স্বামীকে পেটে ছুরি প্রাণঘাতী হামলা চালালো স্ত্রী

**কৃষ্ণ সাহা**

সালিশী সভায় স্বামীকে পেটে ছুরি প্রাণঘাতী হামলা চালালো স্ত্রী।



পূর্ব বর্ধমানের দেওয়ানদিঘী থানার তালিত গ্রামের দিঘীরপাড়ে তৃণমূল কংগ্রেসের দলীয় কার্যালয়ে বিবাহ ছাড়পত্র সংক্রান্ত সালিশী সভা চলাকালীন স্বামীকে ছুরিকাঘাত করে স্ত্রী জোনাকি বেগম। জখম ব্যক্তিকে আশঙ্কাজনক অবস্থায় উদ্ধার করে বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে স্থানীয়রা।

জানা যায় তালিত দিঘিরপাড়ের বাসিন্দা পেশায় বেসরকারি নার্সিংহোমের কর্মী রকি শেখ মাস ছয়েক আগে ভালোবেসে বিয়ে করেন বীরভূম জেলার লাভপুরের ঠাকুরপাড়ার বাসিন্দা জোনাকি খাতুনকে।

বিয়ের পর থেকেই পারিবারিক অশান্তি চলছিল বলে খবর, বেশ কয়েক মাস ধরে তারা আলাদা থাকতে শুরু করে। জানা যায় এই নিয়ে বেশ কয়েকবার গ্রামবাসীদের নিয়ে সালিশী সভা হয়েছে। আজ সকালে দুই পরিবার এবং এলাকার মানুষজনের নিয়ে সালিশী সভা চলছিল। সভা চলাকালীন হঠাৎই লুকিয়ে রাখা ছুরি বের করে রকিকে পেটে আঘাত করে জোনাকি। তৎক্ষণাৎ রক্তাক্ত অবস্থায় রকিকে উদ্ধার করে বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। খবর জানাজানি হতেই এলাকার উত্তেজিত জনতার হাত থেকে বাঁচাতে তাদের পার্টি অফিসে আটকে রাখা হয়। পুলিশ খবর পেয়ে জোনাকি ও তার বাপের বাড়ির লোকদের উদ্ধার করতে গেলে উত্তেজিত জনতা মার মুখী হয়ে ওঠে। স্থানীয়রা লাঠি উঁচিয়ে তারা করে এবং মারধর করে অভিযুক্ত জোনাকি খাতুনের মাকে।






(১ম পাতার পর)

# ভারতের প্রত্যাঘাতের ভয়ে জঙ্গিদের পাতালে নিরাপদ আশ্রয়ে সরাল পাক সেনা

ফরোয়ার্ড কায়ুটা, কোটিল, কুইরাত্তা, মান্ধার, নিখাইল, চমনকোট ও জানকোটের জঙ্গি শিবির গুটিয়ে ফেলেছে। ওই সব শিবিরে থাকা জঙ্গিদের পাক সেনার জন্য নির্মিত বাঙ্কারে আত্মগোপন করার নির্দেশ দিয়েছে।আর ওই নির্দেশের পরেই পাক অধিকৃত কাশ্মীরের একাধিক লঞ্চ প্যাড থেকে সরে গিয়েছে জঙ্গিরা।

জম্মু-কাশ্মীর সহ উত্তর ভারতে নাশকতা কিংবা অন্তর্ঘাতমূলক হামলা চালাতেই লস্কর-ই-তৈয়বা, জামায়াত উদ দাওয়া-সহ একাধিক জঙ্গি সংগঠনকে ঢাল হিসাবে ব্যবহার করে চলেছে পাক সেনা। ওই জঙ্গি সংগঠনগুলির অধিকাংশই পাক অধিকৃত কাশ্মীরে ঘাঁটি গেড়েছে। পওায় ৪২টি জঙ্গি শিবির বা লঞ্চ প্যাড ছিল। আর তাতে হাজির ছিল ১৫০-২-০০ জঙ্গি। সুযোগ বুঝে সীমান্ত টপকে ভারতে ঢুকে নাশকতা চালানোর পরিকল্পনা ছিল। পহেলগাঁওয়ে নিরীহ পর্যটকদের নৃশংসভাবে খুন করা দ্য রেজিস্ট্যান্স ফ্রন্টের জঙ্গিরাও পাক অধিকৃত কাশ্মীর থেকে দুর্গম পথ পাড়ি দিয়ে ২২ ঘন্টা হেঁটে পৌঁছেছিল পহেলগাঁওয়ের বৈসরনে। বালাকোটে সার্জিক্যাল স্ট্রাইকে ভারতীয় বায়ুসেনা পাক জঙ্গি ঘাঁটি উড়িয়ে দিয়েছিল। কিন্তু নতুন করে আবার ঘাঁটি গাড়তে শুরু করে দিয়েছে জঙ্গিরা।

(১ম পাতার পর)

# ভারতের পাশে আমেরিকা', যুদ্ধ আবহে স্পষ্ট বার্তা ট্রাম্প প্রশাসনের

জানিয়ে দেওয়া হয়েছে, 'সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের পাশে রয়েছে আমেরিকা।'তবে যে আমেরিকা ৭১-এর যুদ্ধে পাকিস্তানের পক্ষ নিয়েছিল চিনের বার্তার পর সেই আমেরিকা ভারতের পক্ষ নেওয়ার কূটনৈতিক মহলের দাবি, ডোনাল্ড ট্রাম্প ক্ষমতায় আসার পর মার্কিন বিদেশনীতি ১৮০ ডিগ্রি ঘুরে গিয়েছে। বর্তমানে আমেরিকার মূল শত্রু হয়ে উঠেছে চিন। দুই দেশের মধ্যে চলা সাম্প্রতিক শুল্কযুদ্ধে চিনকে শিক্ষা দিতে ভারতকে পাশে চাইছে আমেরিকা। ভারত মহাসাগরীয় এলাকায় চিনা আধিপত্য কমাতে আমেরিকার একমাত্র অবলম্বন ভারত। পহেলগাঁও কাণ্ডে আমেরিকার ভারতের পক্ষ নেওয়ার নেপথ্যে সেই সমীকরণই দেখছেন বিশেষজ্ঞরা। তাই চিন পাকিস্তানের পক্ষ নিতেই ভারতের পাশে দাঁড়াল ট্রাম্প প্রশাসন।পহেলগাঁও সন্ত্রাসবাদী হামলায় যুদ্ধের দামামা বাজতেই রবিবার পাকিস্তানের পক্ষ নিয়ে বিবৃতি দিয়েছিলেন চিনের বিদেশমন্ত্রী ওয়াং ই। পাকিস্তানকে সন্ত্রাসের বিরুদ্ধে লড়াই করা দেশ হিসেবে উল্লেখ করে তিনি জানান, "পাকিস্তানের সন্ত্রাসবিরোধী পদক্ষেপকে সর্বদা সমর্থন করে আসছে চিন। বন্ধু দেশ হিসেবে এই কঠিন পরিস্থিতিতে পাকিস্তানের নিরাপত্তাজনিত উদ্বেগ আমরা বেজিং বোঝে। পাকিস্তানের সার্বভৌমত্ব ও স্বার্থরক্ষার বিষয়টিকে সম্পূর্ণ সমর্থন করে চিন।" একইসঙ্গে ওয়াং জানান, "গোটা পরিস্থিতির উপর কড়া নজর রাখছে। এবং এই ঘটনায় নিরপেক্ষ তদন্তের দাবিকে সম্পূর্ণ সমর্থন করছি আমরা। দুই দেশের উচিত শান্তি রক্ষার জন্য উদ্যোগ নেওয়া ও সংযম প্রদর্শন করা।" পাকিস্তানের পক্ষ নিয়ে চিনের এই বিবৃতি প্রকাশ্যে আসার কয়েক ঘণ্টা পরই বিবৃতি জারি করা হয় আমেরিকার তরফে। মার্কিন বিদেশ দপ্তরের মুখপাত্র বলেন, "সন্ত্রাসবাদী হামলাকে কেন্দ্র করে উত্তেজনাপূর্ণ পরিস্থিতি তৈরি হয়েছে দুই দেশের মধ্যে। আমরা গোটা পরিস্থিতির উপর নজর রেখেছি। আমেরিকা উভয়পক্ষকে উৎসাহিত করছে দায়িত্বশীল সমাধানের পথ খুঁজে নেওয়ার জন্য।" পাশাপাশি সন্ত্রাসবাদ ইস্যুতে ভারতের পাশে থাকার আশ্বাস দিয়ে বিদেশ দপ্তরের তরফে জানানো হয়, 'সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের পাশে রয়েছে আমেরিকা।' তবে শুধু বিদেশ দপ্তর নয়, এর আগেও একই বার্তা দেওয়া হয়েছে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও ভাইস প্রেসিডেন্ট জেডি ভান্সের তরফে।

# মেদিনীপুরে হঠাৎ আকাশ থেকে পড়ল কিছু, বিকট শব্দ আর প্রচণ্ড ধোঁয়া, তবে কি.



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

নিজের-নিজের কাজে ব্যস্ত ছিলেন গ্রামবাসী। আচমকা বিকট শব্দ। আর তারপরই পুকুরে পড়ল কিছু একটা। তারপরই তুমুল হইচই কাণ্ড। এলাকাবাসীর অনুমান, তবে কি যুদ্ধের আবহ ধীরে ধীরে তৈরি হচ্ছে? এই ঘটনায় আতঙ্কিত পশ্চিম মেদিনীপুরের দাঁতনের উঁচুডিহার বাসিন্দারা। বস্তুত, পহেলগাঁও-কাণ্ডের পর থেকেই অতি তৎপর ভারতীয় সেনা।স্থানীয় এক বাসিন্দা বলেন, "স্নান করতে গিয়েছিলাম। পুকুরের আশপাশে থাকা লতাপাতা কাটছিলাম। সেই সময় দেখলাম আকাশ থেকে এসে কিছু পড়ল। তারপর শুধু ধোঁয়া আর ধোঁয়া কিন্তু কোনও শব্দ আমরা পাইনি।" প্রসঙ্গত উল্লেখ্য, পহেলগাঁওয়ে জঙ্গি হামলার পর থেকে জম্মু ও কাশ্মীরের বিস্তীর্ণ এলাকায় চলছে সেনার তল্লাশি অভিযান। সেই মতো আকাশপথেও চলছে টহলদারি। উত্তরবঙ্গের আকাশপথে প্রাথমিক মহড়া শুরু করে দিয়েছে ভারতীয় বায়ুসেনা। বাগডোগরা, হাসিমারার বায়ুসেনা ছাউনিতে বেড়েছে তৎপরতা। উত্তরবঙ্গের আকাশে দেখা মিলছে রাফাল যুদ্ধবিমানের। এছাড়াও অসম ও অরুণাচলের ঘাঁটিতেও বাড়ানো হয়েছে টহলদারি।ইতিমধ্যেই বিভিন্ন জায়গায় সেনার মহড়া শুরু হয়েছে। এরই মধ্যে এই ঘটনা রীতিমত চাঞ্চল্য ছড়িয়েছে।

এলাকাবাসীর দাবি, পুকুরে কিছু একটা পড়ার পরই ধোঁয়ায় ভরে যায় এবং বারুদের গন্ধ ভরে যায় এলাকা। আতঙ্কিত হয়ে যান এলাকার মানুষজন। খবর দেওয়া হয় পুলিশ প্রশাসনে। খবর পেয়েই এলাকায় পৌঁছয় দাঁতন থানার পুলিশ। অনুমান করা হচ্ছে বায়ুসেনার মহড়া চলাকালীন ওই বোমা লক্ষ্যভ্রষ্ট হয়ে পুকুরে পড়ে যেতে পারে। তবে তদন্ত না করে কিছু বলা যাচ্ছে না বলেই জানান দাঁতন থানার পুলিশ আধিকারিক। খবর পাঠানো হয়েছে কলাইকুন্ডা বায়ুসেনা দফতরে।

## সম্পাদকীয়

### যুদ্ধ শুনেই ১২০০ জওয়ান 'হাওয়া

যুদ্ধ করবে কি, ভয়ে কাঁপছে পাকিস্তানের সেনা বাহিনী। পাক সেনায় গণ ইস্তফা। সেনা প্রধান জেনারেল আসিম মুনিরের নেতৃত্বে সেনার মনোবল তলানিতে পৌঁছেছে। কেউ সেনাবাহিনীতে কাজ করতে চাইছেন না। সেনা প্রধানকে চিঠি লিখে গণইস্তফার কথা জানিয়েছেন লেফটেন্যান্ট জেনারেল আহমেদ বুখারি।

এক মাস আগে পাকিস্তানি সেনার জুনিয়র অফিসার ও সেনারা চিঠি লিখে জানিয়েছিলেন, আসিম মুনিরের নেতৃত্ব ভাল লাগছে না। তাঁকে পদ থেকে না সরালে, বিদ্রোহ শুরু হবে। এবার পহেলগাঁওয়ের জঙ্গি হামলার পর যেখানে দুই দেশের মধ্যে কার্যত যুদ্ধ আবহ তৈরি হয়েছে, সেখানেই পাক সেনার গণইস্তফা একদিকে চিন্তা, অন্যদিকে বিড়ম্বনায় ফেলে দিয়েছে।জানা গিয়েছে, গত ৪৮ ঘণ্টায় কমপক্ষে ২৫০ জন সেনা অফিসার ইস্তফা দিয়েছেন।পহেলগাঁওয়ের ঘটনার পরই পাক সেনাবাহিনীতে ইস্তফা দেওয়ার হিড়িক পড়েছে। সূত্রের খবর, মূলত সিন্ধু ও নর্থ-ইস্ট ফ্রন্টিয়ারে একাধিক সেনা কর্মী ইস্তফা দিয়েছেন। লেফটেন্যান্ট জেনারেল পদমর্যাদার আধিকারিকরাও ইস্তফা দিচ্ছেন। ইস্তফার কারণ হিসাবে অসুস্থতা ও মানসিক চাপ দেখানো হয়েছে।

পরিস্থিতি সামাল দিতে একজন ডিজি আইএসপিআর মেজর জেনারেল চিঠি দিতে পাক সেনাকে জানিয়েছেন যে কোনওরকম ইস্তফা দেওয়া যাবে না। যদি কেউ ইস্তফা দেন, তবে আইনি পদক্ষেপ করা হবে তাঁর বিরুদ্ধে।

গণ-ইস্তফার পর সীমান্ত রক্ষা করবে কে, তা নিয়েই প্রশ্ন উঠেছে। শুধু জওয়ানরাই নয়, তাদের পরিচালনার দায়িত্বে থাকা অফিসাররাও গণইস্তফা দিচ্ছেন। ভারতের সঙ্গে যুদ্ধ লাগলে, তা পরিচালন করবে কে, তা নিয়েই প্রশ্নের মুখে পড়ে গিয়েছে পাক সেনা।

## কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



মৃত্যুঞ্জয় সরদার
(বারো পর্ব)



করেন। এসব নিয়ে পাশ্চাত্য কালের এক গল্প রয়েছে ,যে গল্পটা লেখার মধ্যে না লিখলে হয়তো এলাকাটি অসম্পূর্ণ থেকে যেতে পারে।এক দেশে রাজা ছিল। তিনি সৎ, ধর্মপরায়ণ ছিলেন। তার দেশে এক নিয়ম ছিল। হাটে প্রজাদের যে সব জিনিস বিক্রি হবে না, তিনি তা ঠিক দামে তার প্রজাদের কাছ থেকে কিনে নেবেন। এক কামার হাটে একটি লোহার নারীমূর্তি বিক্রি করতে এনেছিলেন কিন্তু সারাদিনেও তা বিক্রি হয়নি। সে রাজবাড়িতে সে কথা জানালে ধর্মপরায়ণ রাজা তা কিনে নেন। সেইদিনই রাত্রে রাজা তার বাড়িতে কান্নার

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

(২ পাতার পর)

## মৃত্যুর কয়েক মাস পরেও অভয়ার মোবাইল ব্যবহার

কিছু ঘটে থাকতে পারে বলে মনে করা হচ্ছে। তবে কেন্দ্রীয় তদন্তকারীর তরফে কোনও প্রতিক্রিয়া মেলেনি। এদিন আদালতে তদন্তের স্ট্যাটাস রিপোর্ট জমা করে সিবিআই। তাতে রয়েছে ৩২ টিবি সাইজের সিসিটিভি ফুটেজ, ১০০ অভিযোগকারীর চিঠি, একাধিক ব্যক্তির থেকে জোগার করা দু'শোর বেশি ছবি। ইতিমধ্যে ১২ জন সাক্ষীকে জেরা করা হয়েছে বলেও স্ট্যাটাস রিপোর্টে জানানো হয়েছে।সন্তানহারা মা-বাবার দাবি, মৃত্যুর কয়েক মাস পরে নির্যাতিতার মোবাইল ব্যবহার করা হয়েছে। ডাক্তারদের হোয়াটসঅ্যাপ গ্রুপ ছেড়ে বেরিয়েছে (লিভ করেছে) সংশ্লিষ্ট নম্বরটি। ডাক্তারদের তরফে এই খবর পরিবারকে দেওয়া হয়েছে বলে দাবি। এদিন আদালতে জমা করা সিনোপসিসে এই ঘটনার উল্লেখ করা হয়েছে। কিন্তু মুখবন্ধ খামে জমা পরা সিনোপসিসের গ্রহণযোগ্যতা নিয়ে প্রশ্ন উঠেছিল। পরে এই রিপোর্ট ফিরিয়ে দেয় আদালত। বিচারকের প্রশ্ন, অভয়ার পরিবার যদি সত্যিই তদন্তে সহযোগিতা করতে চায়, যদি নতুন কোনও তথ্য জানাতে চায়, তাহলে কেন সিবিআইয়ের সঙ্গে সরাসরি যোগ করছেন না? জবাবে নির্যাতিতার পরিবার জানায়, সিবিআই তাঁদের নির্দিষ্ট কিছু প্রশ্নের জবাব দিচ্ছে না।

## ন্যায় কর্মফলদাতা শনিদেব



-: মৃত্যুঞ্জয় সরদার :-

নির্জলা উপবাস বা একাহারে থেকে এই ব্রত পালন করতে হয়।ভগবান শনিদেবের নাম দশটি – শনি, ছায়ানন্দন, পিঙ্গল, বভ্রু, রৌদ্র, সৌরী, মন্দ, কৃষ্ণা (কৃষ্ণবর্ণের কারণে হয়তো) দুঃখভঞ্জন, কৌনস্থ্য। শনিদেবের গুরু কৈলাসপতি শিবশঙ্কর আর বৃন্দাবনবিহারী ভগবান শ্রীকৃষ্ণ। **ক্রমশঃ**


## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# ওয়েভস অ্যানিমেশন চলচ্চিত্র নির্মাণ প্রতিযোগিতায় ৪২টি আকর্ষণীয় চলচ্চিত্র প্রদর্শিত হবে

মুম্বাই, ২৮ এপ্রিল, ২০২৫

ওয়ার্ল্ড অডিও ভিজুয়াল অ্যান্ড এন্টারটেইনমেন্ট সামিট-ওয়েভস ২০২৫-এর 'ক্রিয়েট ইন ইন্ডিয়া চ্যালেঞ্জ' এর প্রথম পর্বে ৪২টি অ্যানিমেশন চলচ্চিত্রকে বাছাই করা হয়েছে। অ্যানিমেশন চলচ্চিত্র নির্মাণ প্রতিযোগিতার চূড়ান্ত পর্বে এগুলি প্রদর্শিত হবে। তথ্য ও সম্প্রচার মন্ত্রকের সঙ্গে যৌথভাবে ড্যান্সিং অ্যাটমস স্টুডিও যৌথভাবে জাতীয় স্তরের এই প্রতিযোগিতার আয়োজন করেছে। এর মূল উদ্দেশ্য সৃজনশীল প্রতিভাদের সঙ্গে সমমনা ব্যক্তিত্ব, প্রযোজক, পরিবেশক এবং চলচ্চিত্র শিল্পের বিশিষ্ট জনেদের মধ্যে যোগসূত্র গড়ে তোলা।

প্রচলিত অ্যানিমেশন ছবি, ভিএফএক্স, অগমেনটেড রিয়েলিটি, ভার্চুয়াল রিয়েলিটি সহ সংশ্লিষ্ট ক্ষেত্রে যে প্রকল্পগুলি প্রতিযোগিতায় অংশ নিয়েছে, গত ৯ মাস ধরে সেগুলি মূল্যায়ন করা হয়েছে। এখান থেকে সেরা ৪২টি প্রকল্পকে বাছাই করা হয়েছে। এর মধ্যে রয়েছে ১২টি কাহিনীচিত্র, ১৮টি স্বল্প দৈর্ঘ্যের ছবি, ৯টি অ্যানিমেশন, টিভি সিরিজ এবং ৩টি অগমেনটেড রিয়েলিটি ও ভার্চুয়াল রিয়েলিটির প্রকল্প। বাছাই করা ৪২টি চলচ্চিত্রই সংশ্লিষ্ট শিল্পের সঙ্গে যুক্ত ব্যক্তিত্বদের কাছে উপস্থাপন করা হবে।

যে ১৮টি স্বল্প দৈর্ঘ্যের ছবি চূড়ান্ত পর্বে বাছাই করা হয়েছে, সেগুলি হল,

১) শ্রেয়া সচদেবের 'বাণী'; ২) শ্রীকান্ত এস মেননের 'ওড়িয়ান'; ৩) প্রশান্ত কুমার নাগাদাসির 'বেস্ট ফ্রেন্ডস'; ৪) শ্বেতা সুভাষ মারাঠের 'মেলটিং শেম'; ৫) অনিকা রাজেশের 'আচাপ্পম'; ৬) মার্তন্ড আনন্দ উগালমুগলের 'চাঁদোমামা'; ৭) কিরুথিকা রামাসুব্রামাণিয়ান-এর 'অ্যা ড্রিমস ড্রিম'; ৮) হরিশ নারায়ণ আয়ারের 'করবী'; ৯) ত্রিপর্ণা মাইতির 'দ্য চেয়ার'; ১০) অরুন্ধতি সরকারের 'সো ক্লোজ ইয়েট সো ফার'; ১১)গদম জগদীশ প্রসাদ যাদবের 'সিমফোনি অফ ডার্কনেস'; ১২) ভেট্রিভেল-এর 'দ্য লাস্ট ট্রেজার'; ১৩) গার্গি গাওথের 'গোড়ভা'; ১৪) শ্রেয়া বিনায়ক পোরে-র 'কালি'(বাড); ১৫) হর্ষিতা দাসের 'লুনা'; ১৬) স্যানড্রা ম্যারির 'মিসিং'; ১৭) রিচা ভুটানির ''ক্লাইমেটস্কেপ; ১৮) হীরক জ্যোতি নাথের 'টেলস ফ্রম দ্য টি হাউজ';

যে ১২টি অ্যানিমেশন কাহিনীচিত্র প্রদর্শনীতে চূড়ান্ত পর্বের জন্য নির্বাচিত হয়েছে সেগুলি হল,

১) ক্যাথেরিনা ডায়ান বীরাস্বাতী এস-এর 'ফ্লাই'; ২) শুভম তোমারের 'মাহাজুন'; ৩) শ্রীকান্ত ভোগির 'রুদ্র'; ৪) অনির্বাণ মজুমদারের 'বাবর ওউর বান্নো অ্যা ফ্রেন্ডশিপ সাগা' ৫) নন্দন বালাকৃষ্ণন-এর 'দ্য ড্রিম বেলুন'; ৬)জ্যাকলিন সি চিং-এর 'লাইকে অ্যাণ্ড দ্য ট্রোলস'; ৭) রোহিত শঙ্খোলা-র 'দ্বারকা দ্য লস্ট সিটি অফ শ্রীকৃষ্ণ'; ৮) ভগত সিং সাইনির 'রেড উইমেন'; ৯) অভিজিত সাকসেনার 'অ্যারাইজ,অ্যাওয়েক'; ১০) বামসি বানদারুর 'আয়ুর্বেদ ক্রোনিক্যালস-সার্চ ফর দ্য লস্ট লাইট'; ১১) পীযুষ কুমারের 'রং পোগ্রামিং...দ্য আনল্যাশড ওয়ারস অফ এআই'; ১২) খামবোর বাতেই-এর 'খারজানা-লাপালাং-আ খাসি ফোকলোর রিইমাজিন্ড';

চূড়ান্ত পর্বে যে ৯টি অ্যানিমেশন টিভি সিরিজ স্থান পেয়েছে সেগুলি হল,

১) জ্যোতি কল্যাণ সুরার 'জ্যাকি অ্যান্ড জিলাল'; ২) তুহিন চন্দর 'চুপি: সাইলেন্স বিহাইন্ড লজ'; ৩)কিশোর কুমার কেদারির 'এজ অফ দ্য ডেকান: দ্য লেজেন্ট অফ মালিক অম্বর'; ৪)ভাগ্যশ্রী সতপতির 'পাসা'; ৫) ঋষভ মোহান্তির 'খাট্টি'; ৬) সুকঙ্কন রায়ের 'সাউন্ড অফ জয়'; ৭) আত্রেয়ী পোদ্দার, সঙ্গীতা পোদ্দার এবং বিমল পোদ্দারের 'মোরে কাকা'; ৮) প্রজেৎজিত সিংহের 'দ্য কোয়ায়েট ক্যাওস'; ৯) সেগুণ সামসন এবং অমুটুন্ডে অ্যাকিওডের 'মাপু';

অগমেনটেড রিয়েলিটি ও ভার্চুয়াল রিয়েলিটির যে তিনটি প্রকল্প চূড়ান্ত পর্বে বাছাই করা হয়েছে সেগুলি হল,

১) সুন্দর মহালিঙ্গম-এর 'অশ্বমেধ-দ্য আনসিল্ড ফেট'; ২) অনুজ কুমার চৌধুরির 'লিমিনালিজম'; ৩) ঈশা চান্দনার 'টক্সিক এফেক্ট অফ সাবট্যান্স অ্যাবিউস অন হিউম্যান বডি';

ড্যান্সিং অ্যাটম স্টুডিওর প্রতিষ্ঠাতা এবং মুখ্য কার্যনির্বাহী আধিকারিক স্বরস্বতী বুয়ালা জানান, একটি সৃজনশীল মঞ্চে ৪২ রকমের এধরনের প্রকল্প এই প্রথম একসঙ্গে প্রদর্শনের ব্যবস্থা করা হয়েছে। সংবাদ মাধ্যম এবং বিনোদন জগতের বিশিষ্ট ব্যক্তিদের নিয়ে গঠিত ওয়েভস উপদেষ্টা পর্ষদ এই প্রকল্পগুলির যথাযথ মূল্যায়ণ করবে। ২০২৪ সালের হিসেব অনুসারে আন্তর্জাতিক স্তরে অ্যানিমেশন চলচ্চিত্রের যথেষ্ট উন্নতি লক্ষ্য করা গেছে। অনলাইন স্ট্রিমিং এবং বিভিন্ন চলচ্চিত্র উৎসবের মধ্য দিয়ে স্বল্প দৈর্ঘ্যের চলচ্চিত্র থেকে প্রায় ২০০০ কোটি মার্কিন ডলার আয় হয়েছে। ২০৩২ সালের মধ্যে বিভিন্ন শিক্ষামূলক বিষয়বস্তু সম্বলিত অ্যানিমেশন ছবির থেকে প্রায় ৭০০০ কোটি মার্কিন ডলার আয় হবে বলে আশা করা হচ্ছে।



## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# ভারতের সামরিক আক্রমণ আসন্ন, বললেন পাকিস্তানের প্রতিরক্ষামন্ত্রী

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

জম্মু-কাশ্মীরের পেহেলগাঁও কাণ্ডের জেরে পাকিস্তানে ভারতের সামরিক আক্রমণ আসন্ন বলে আশঙ্কা প্রকাশ করেছেন দেশটির প্রতিরক্ষামন্ত্রী খাজা মুহাম্মদ আসিফ।

পারমাণবিক অস্ত্রধারী প্রতিবেশী দুই দেশের ক্রমবর্ধমান উত্তেজনার মাঝে সোমবার এই আশঙ্কা প্রকাশ করেন তিনি।

একই সঙ্গে অস্তিত্ব রক্ষার প্রয়োজনে পারমাণবিক অস্ত্র ব্যবহারের সম্ভাবনার কথাও জানিয়েছেন খাজা আসিফ।

গত ২২ কাশ্মিরের পেহেলগাঁওয়ে বন্দুকধারীদের হামলায় ২৫ ভারতীয় ও এক নেপালি নাগরিকের প্রাণহানি ঘটে। এই হামলার ঘটনার পর হিন্দু-সংখ্যাগরিষ্ঠ ভারতে ব্যাপক ক্ষোভের সূত্রপাত হয়েছে।

কাশ্মীরে দশকের পর দশক ধরে



স্বাধীনতাকামী বিচ্ছিন্নতাবাদীদের পাকিস্তান সমর্থন দিয়ে আসছে বলে অভিযোগ করেছে ভারত। হিমালয় অঞ্চল লাগোয়া ব্যাপক বিতর্কিত এই ভূখণ্ড নিয়ে প্রতিবেশী দেশ দু'টি অতীতে দু'বার যুদ্ধ করেছে।

সোমবার ইসলামাবাদে ব্রিটিশ বার্তা সংস্থা রয়টার্সকে দেওয়া সাক্ষাৎকারে পাকিস্তানের প্রতিরক্ষামন্ত্রী খাজা আসিফ বলেছেন, ‘‘আমরা আমাদের বাহিনীকে আরও শক্তিশালী করেছি। কারণ এখন সামরিক আক্রমণ আসন্ন। সুতরাং এই ধরনের পরিস্থিতিতে কিছু কৌশলগত সিদ্ধান্ত নিতে হয়। আমরা সেসব সিদ্ধান্ত গ্রহণ করেছি।’’

তিনি বলেন, কাশ্মীরের ঘটনাকে কেন্দ্র করে পাকিস্তানের বিরুদ্ধে ভারতের হুমকি-ধমকি বাড়ছে।

পাকিস্তানের সামরিক বাহিনী ভারতীয় হামলার সম্ভাবনা সম্পর্কে সরকারকে অবহিত করেছে। ভারতের এই আক্রমণ আসন্ন বলে মন্তব্য করলেও এই বিষয়ে বিস্তারিত আর কোনও তথ্য দেননি তিনি।

কাশ্মীরের পেহেলগাঁওয়ে বন্দুকধারীদের হামলার পর ভারত ইতোমধ্যে দুই সন্দেহভাজন হামলাকারীকে পাকিস্তানি বলে শনাক্ত করেছে। তবে ইসলামাবাদ এই হামলার ঘটনায় জড়িত থাকার অভিযোগ অস্বীকার করেছে এবং নিরপেক্ষ তদন্তের আহ্বান জানিয়েছে।

খাজা আসিফ বলেন, পাকিস্তান উচ্চ সতর্কাবস্থায় রয়েছে। তিনি বলেন, আমাদের অস্তিত্বের জন্য প্রত্যক্ষ কোনও হুমকি তৈরি হলেই কেবল পারমাণবিক অস্ত্রের ভাণ্ডার ব্যবহার করা হবে।

## ভুটানের থিম্পুতে ২৪ ও ২৫ এপ্রিল ভারত ও ভুটানের মধ্যে ষষ্ঠ যৌথ শুল্ক গোষ্ঠীর বৈঠক অনুষ্ঠিত হয়

**নয়াদিল্লি, ২৮ এপ্রিল, ২০২৫**

ভারত ও ভুটানের মধ্যে ষষ্ঠ যৌথ শুল্ক গোষ্ঠীর বৈঠক ২৪ ও ২৫ এপ্রিল ভুটানের থিম্পুতে অনুষ্ঠিত হয়। ভারত সরকারের কেন্দ্রীয় পরোক্ষ কর ও শুল্ক পর্ষদ (সিবিআইসি)-এর বিশেষ সচিব ও সদস্য শ্রী সুরজিৎ ভুজবল এবং ভুটান সরকারের অর্থ মন্ত্রকের রাজস্ব ও শুল্ক বিভাগের মহাপরিচালক শ্রী সোনম জামৎশো এই বৈঠকে সহ-সভাপতিত্ব করেন।

ভারত, ভুটানের শীর্ষ বাণিজ্যিক অংশীদার। ভুটানের সামগ্রিক বাণিজ্যের প্রায় ৮০ শতাংশই ভারত নির্ভর। ভারত ও ভুটানের মধ্যে শুল্ক বিষয়ক পর্ষদের যৌথ সভা প্রতি বছর অনুষ্ঠিত হয়। ভারত ও ভুটান সীমান্ত বরাবর ১০টি স্থল শুল্ক কেন্দ্র রয়েছে। এর মধ্যে পশ্চিমবঙ্গে ৬টি ও আসামে ৪টি।

ষষ্ঠ যৌথ শুল্ক গোষ্ঠীর বৈঠকে দু'দেশের বাণিজ্য ও সরবরাহ বৃদ্ধির বিষয়ে আলোচনা হয়। এছাড়া ইলেক্ট্রনিক কার্গো ট্র্যাকিং সিস্টেমের সাহায্যে পণ্য চলাচল সহ অন্যান্য বিষয় নিয়েও মতবিনিময় হয়।

ভুটানের পক্ষ থেকে সিবিআইসি'কে ধন্যবাদ জানানো হয়েছে। শুল্ক সহযোগিতা আরও জোরদার করা, বাণিজ্য সরলীকরণ এবং নিরাপদ সীমান্ত ব্যবস্থাপনা নিশ্চিত করার জন্য উভয় দেশই তাদের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছে।

## ভারতীয় নৌ বাহিনীর জন্য ২৬টি রাফাল-মেরিন এয়ারক্রাফট কিনতে ফ্রান্সের সঙ্গে আন্তঃসরকারি চুক্তি স্বাক্ষরিত

**নতুন দিল্লি, ২৮ এপ্রিল, ২০২৫**

ভারতীয় নৌ বাহিনীর জন্য ২৬টি রাফাল বিমান কিনতে ভারত এবং ফ্রান্স সরকারের মধ্যে একটি আন্তঃসরকারি চুক্তি (আইজিএ) স্বাক্ষরিত হয়েছে। এই ২৬টি রাফাল বিমানের মধ্যে ২২টি একক আসন বিশিষ্ট এবং ৪টি দুই আসনবিশিষ্ট। প্রশিক্ষণ, বিভিন্ন যন্ত্রাংশ, অস্ত্র এবং কর্মক্ষমতা ভিত্তিক পণ্য সরবরাহের বিষয়ও এই চুক্তির আওতায় রয়েছে। এছাড়া ভারতীয় বিমানবাহিনীতে বর্তমানে যে রাফাল বিমান রয়েছে তার জন্য অতিরিক্ত সরঞ্জাম সরবরাহ এর অন্তর্ভুক্ত রয়েছে।

ভারতের প্রতিরক্ষা মন্ত্রী শ্রী রাজনাথ সিং এবং ফ্রান্সের সশস্ত্র বাহিনীর মন্ত্রী সেবাস্তিয়ান লেকর্নু এই চুক্তিতে স্বাক্ষর করেছেন। নতুন দিল্লিতে আজ নৌ সেনা ভবনে প্রতিরক্ষা সচিব শ্রী রাজেশ কুমার সিং-এর উপস্থিতিতে ভারত এবং ফ্রান্সের আধিকারিকরা এই সংক্রান্ত চুক্তির স্বাক্ষরিত কপি আদান-প্রদান করেন।

সরকার আত্মনির্ভর ভারতের উপর জোর দেওয়ার পাশাপাশি এই চুক্তিতে ভারতে দেশীয় অস্ত্রের বিভিন্ন উপাদন একত্রীকরণের জন্য প্রযুক্তি হস্তান্তর সংক্রান্ত বিষয় অন্তর্ভুক্ত করেছে। এর মধ্যে রাফাল বিমানের কাঠামোর জন্য উৎপাদন সুবিধা স্থাপনের ব্যবস্থা যেমন থাকছে, তেমনই ভারতে বিমানের ইঞ্জিন, সেন্সর এবং অস্ত্রের রক্ষণাবেক্ষণ, মেরামত ও পুনর্নির্মাণের সুবিধাও রয়েছে। এই চুক্তির ফলে হাজার হাজার কর্মসংস্থান হবে এবং সুবিধাগুলি স্থাপন, উৎপাদন ও পরিচালনায় বিপুল সংখ্যক এমএসএমই-র জন্য আয় বাড়বে।

# সিনেমার খবর

## ঐশ্বরিয়ার কথাতেই থেমে যায় অভিষেকের রাগ

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন



বলিউডের বচ্চন পরিবারের অন্যতম সদস্য অভিষেক বচ্চন ও ঐশ্বরিয়া রাই বচ্চন। তাদের দাম্পত্য জীবন নিয়ে দীর্ঘদিন ধরেই আলোচনা চলছে নেটদুনিয়ায়। কখনও বিচ্ছেদের গুঞ্জন, কখনও সম্পর্কের দূরত্ব নিয়ে প্রশ্ন তুলেছেন নেটিজেনরা।
তবে এক সাক্ষাৎকারে এসব জল্পনার জবাবে অভিষেক বলেছিলেন, ‘এখনও তো এই আংটিটা পরে আছি। যদি কিছু ঘটত, নিশ্চয়ই আপনারা আগে জানতেন।’
বর্তমান সময়ে যেখানে একের পর এক সম্পর্ক ভেঙে যাচ্ছে, সেখানে তাদের 'অসম বিবাহ' বলেও অভিহিত করেছেন অনেকে। তবুও অভিষেক-ঐশ্বরিয়া দম্পতির বন্ধন এখনো অটুট।
এদিকে ঐশ্বরিয়া এখন বড় পর্দায় খুব একটা নিয়মিত নন। অন্যদিকে, অভিষেক বেছে নিচ্ছেন পরিণত চরিত্র। সদ্য মুক্তি পেয়েছে তার নতুন ছবি ‘ঘুমর’। সেই ছবির প্রচারে যোগ দিয়েই ব্যক্তিজীবন নিয়েও খোলামেলা কথা বলেন অভিষেক।
এক প্রশ্নের উত্তরে তিনি জানান, কীভাবে ঐশ্বরিয়া তাকে মানসিকভাবে স্থির থাকতে সাহায্য করেন। অভিষেক বলেন, তিনি খুব সহজেই রেগে যান। যেমন, জ্যামে আটকে গেলে সেই রাগ নিয়ে বাসায় ফেরেন। তখন ঐশ্বরিয়া বলেন, ‘এত রাগ কিসের? ভাবার মতো আরও অনেক কিছু আছে তোমার জীবনে। পরিবার আছে, সবাই সুস্থ আছে। এর বেশি আর কী চাই?’
অভিষেকের মতে, ঐশ্বরিয়ার এই সরল ও গভীর কথাগুলো তাকে ভারসাম্য রাখতে শেখায়। তার ভাষায়, ‘ওর এই মানসিক ভরসা জোগানোর ক্ষমতাটাই আমার শক্তি।’
তিনি আরও জানান, করোনার কঠিন সময়েও ঐশ্বরিয়া পুরো পরিবারকে আগলে রেখেছেন। সেই সময় স্ত্রীই ছিলেন তাদের একমাত্র মানসিক বল।

## আলোচনায় অক্ষয়ের ‘কেশরী চ্যাপ্টার টু’

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন



গত ১৮ এপ্রিল অক্ষয় কুমার অভিনীত বলিউড সিনেমা ‘কেশরী চ্যাপ্টার টু’ মুক্তি পেয়েছে। এক হত্যাকাণ্ডের অজানা গল্প তুলে ধরা এই ছবিটি মুক্তির সঙ্গেই দর্শকদের মনে জায়গা করে নিয়েছে; ঝড় তুলছে বক্স অফিসে।
স্যাকনিল্ক এর বরাত দিয়ে ভারতীয় গণমাধ্যমের খবর, ছবিটি মুক্তির দ্বিতীয় দিনে বক্স অফিসে ৮ কোটি রুপিরও বেশি আয় করেছে। প্রাথমিক অনুমান অনুযায়ী ছবিটি এখনও পর্যন্ত ২দিনে ৮.৮৯ কোটি আয় করেছে। এর আগে শুক্রবার ছবিটির মুক্তির দিনে আয় ছিল ৭.৭৫ কোটি। অর্থাৎ ছবিটি তার উদ্বোধনী দিনের আয়কে অল্প ব্যবধানে হলেও ছাড়িয়ে গেছে। শুধু ভারতের বক্স অফিসে ছবিটি এখন পর্যন্ত মোট আয় করেছে ১৬.৬৪ কোটি।
জানা গেছে, ‘কেশরী চ্যাপ্টার টু’ দেখতে শনিবার মোট ২০.৪৭% হিন্দি ভাষার দর্শক উপস্থিতি ছিলেন। এই ছবির সকালের শো-দেখতে দর্শক উপস্থিতি ছিল ১১.৬৮%। সপ্তাহান্তের কারণে দুপুর ও সন্ধ্যার শো-এ এই শতাংশের হার বেড়ে দাঁড়ায় যথাক্রমে ২২.৯১% এবং ২৬.৮৩%।
অন্যদিকে স্যাকনিল্ক-এর প্রতিবেদন অনুযায়ী এই মুহূর্তে সানি দেওলের ‘জাট’-এর গত ১০ দিনে বক্স অফিস কালেকশন ৬৯.৪০ কোটি টাকা। মুক্তির পর দশম দিনে এই ‘জাট’ প্রাথমিক অনুমান অনুসারে আয় করেছে ৩.৭৫ কোটি টাকা। অন্যদিকে মুক্তির পর ২০ দিন পর্যন্ত সালমান খানের ‘সিকান্দার’ মোট আয় করেছে ১০৯.৯৫ কোটি টাকা।

## চুপিচুপি ভাঙল শুভমন গিল ও সারা টেন্ডুলকারের সম্পর্ক



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

কয়েক বছর ধরে চলা আলোচনায় এবার যেন স্পষ্ট ইঙ্গিত মিলল। সম্পর্কে ইতি টেনেছেন ক্রিকেটার শুভমন গিল ও সারা টেন্ডুলকার। ২০২০ সালের আইপিএল থেকেই ইনস্টাগ্রামে একে অপরের পোস্টে লাইক-কমেন্ট এবং একাধিক মিল থাকা ছবি শেয়ারের কারণে এই দুজনকে ঘিরে প্রেমের গুঞ্জন ছড়ায়। যদিও দুজনের কেউই সরাসরি সম্পর্কের কথা কখনও স্বীকার করেননি।
সম্প্রতি ইনস্টাগ্রামে একে অপরকে ‘আনফলো’ করার পর নতুন করে আলোচনার জন্ম দিয়েছে এই জুটি। শুভমনের ইনস্টাগ্রামে ‘সারা’ লিখে খুঁজলে দেখা যাচ্ছে, শচীন তেন্ডুলকারের মেয়ে সারার নাম আর তার অনুসরণ তালিকায় নেই। একই চিত্র সারার ইনস্টাগ্রামেও।
এতেই জল্পনা শুরু, তবে কি নীরবেই ভেঙে গেল বহুদিনের ‘বিশেষ’ সম্পর্ক? যা শেষ হলো ইনস্টাগ্রামে আনফলো করার মধ্য দিয়ে।
পেছনে তাকালে দেখা যায়, শুভমনের দুই দিদি— শাহনীল গিল ও সিমরন সিধুকেও ফলো করতেন সারা টেন্ডুলকার। এমনকি গিল যখন মাঠে নামতেন, সারা প্রায়শই উপস্থিত থাকতেন গ্যালারিতে।
আরও একটি বিষয় এই আলোচনা আরও তীব্র করে তোলে— এর আগে ‘সারা’ নাম নিয়ে বিভ্রান্তি তৈরি হয়েছিল। অনেকেই ভেবেছিলেন, শুভমন হয়তো সারা আলি খানের সঙ্গে সম্পর্কে ছিলেন।
এই প্রসঙ্গেই ‘কফি উইথ করণ’ সিজন ৮-এ করণ জোহরের মুখোমুখি হন সারা আলি খান। প্রশ্নের উত্তরে তিনি মজা করে বলেন, ‘ভুল সারার পেছনে ছুটছ বন্ধুরা। সারা কা সারা দুনিয়া গালাত সারাকে পিছে পড়া হ্যায়!’
পরোক্ষভাবেই তিনি বোঝাতে চেয়েছিলেন, শুভমনের সঙ্গে তার নয়, বরং সারা টেন্ডুলকারের সম্পর্ক ছিল। যেটি এখন হয়তো অতীত হয়ে গেছে।

# হায়দরাবাদ স্টেডিয়ামে থাকছে না আজহারউদ্দিনের নাম

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

হায়দরাবাদের রাজীব গান্ধী স্টেডিয়ামে ভারতের সাবেক অধিনায়ক মোহাম্মদ আজহারউদ্দিনের নামে থাকা স্ট্যান্ড আর দেখা যাবে না। নর্থ প্যাভিলিয়ন স্ট্যান্ড থেকে তার নাম সরিয়ে নেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

চলতি বছরের ফেব্রুয়ারিতে হায়দরাবাদভিত্তিক 'লর্ডস ক্রিকেট ক্লাব'-এর দায়ের করা এক অভিযোগের ভিত্তিতে এই পদক্ষেপ নেয় হায়দরাবাদ ক্রিকেট অ্যাসোসিয়েশন (এইচসিএ)।

এখন থেকে এই গ্যালারির টিকিটেও আজহারউদ্দিনের নাম থাকবে না। শনিবার এইচসিএর নৈতিক কর্মকর্তা ও ন্যায়পাল বিচারপতি ভি ঈশ্বরাইয়া এই নির্দেশনা দেন। তবে এমন সিদ্ধান্তে ক্ষুব্ধ আজহারউদ্দিন উচ্চ আদালতে যাওয়ার ঘোষণা দিয়েছেন।



ভারতের সাবেক অধিনায়ক মোহাম্মদ আজহারউদ্দিন

২০১৯ সালে নর্থ প্যাভিলিয়ন স্ট্যান্ডের নাম 'ভিভিএস লক্ষ্মণ প্যাভিলিয়ন' থেকে বদলে 'আজহারউদ্দিন স্ট্যান্ড' করা হয়েছিল। তখন এইচসিএ-এর সভাপতি ছিলেন আজহারউদ্দিন নিজেই।

লর্ডস ক্রিকেট ক্লাব তাদের আবেদনে উল্লেখ করে, আজহারউদ্দিন এইচসিএ-র মেমোরেন্ডাম অব অ্যাসোসিয়েশন এবং নিয়মবিধি লঙ্ঘন করেছেন। তারা 'রুল ৩৮'-এর উল্লেখ করে জানায়, অ্যাপেক্স কাউন্সিলের কোনো সদস্য নিজের পক্ষে সিদ্ধান্ত নিতে পারেন না। সেই কারণেই আজহারউদ্দিনের নাম স্ট্যান্ড থেকে সরিয়ে দেওয়ার অনুরোধ জানানো হয়েছিল।

এই অনুরোধ গ্রহণ করে সিদ্ধান্ত দিয়েছেন এইচসিএ-র ন্যায়পাল।

তবে এতে ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানিয়েছেন আজহারউদ্দিন। তিনি বলেছেন, 'এতে কোনো স্বার্থের সংঘাত নেই। আমি এ বিষয়ে মন্তব্য করতে চাই না, এত নিচে নামতে চাই না। ক্রিকেটবিশ্ব এ নিয়ে হাসাহাসি করবে। ১৭ বছরের ক্রিকেট ক্যারিয়ার, যার মধ্যে প্রায় ১০ বছর অধিনায়ক হিসেবে দায়িত্ব পালন করেছি। হায়দরাবাদে এভাবেই ক্রিকেটারদের সম্মান দেওয়া হয়! খুবই দুঃখজনক অবস্থা। আমরা অবশ্যই আদালতে যাবো। আইন তার নিজস্ব গতিতে চলবে।'

অন্যদিকে, এই সিদ্ধান্তে খুশি লর্ডস ক্রিকেট ক্লাব। ক্লাবের কোষাধ্যক্ষ সোমনা মিশ্র বলেন, 'এই সিদ্ধান্ত স্বচ্ছতা ও সততার প্রতি আমাদের অঙ্গীকারকে আরো দৃঢ় করে। সঠিক ও ন্যায্য মূল্যায়নের জন্য আমরা কর্তৃপক্ষকে ধন্যবাদ জানাই।'

# হেইডেনহাইমকে উড়িয়ে দিলো বায়ার্ন



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

গত মৌসুমে হতাশাজনকভাবে হেইডেনহাইমের বিপক্ষে হারতে হয়েছিল বায়ার্ন মিউনিখকে। তবে এবার সেই স্মৃতি মুছে বড় জয়ে শোধ তুলল দলটি। বুন্ডেসলিগার শনিবারের ম্যাচে অবনমন অঞ্চলের দল হেইডেনহাইমকে তাদের মাঠেই ৪-০ গোলে উড়িয়ে দিয়েছে বায়ার্ন।

ম্যাচের শুরু থেকেই দাপট দেখায় সফরকারীরা। দ্বাদশ মিনিটে গোলের সূচনা করেন ইংলিশ স্ট্রাইকার হ্যারি কেইন। সাত মিনিট পর ব্যবধান দ্বিগুণ করেন কনরাড লাইমার, আর ৩৬তম মিনিটে তৃতীয় গোলটি করেন কিংসলে কোমান। প্রথমার্ধেই বড় লিড নিয়ে মাঠ ছাড়ে বায়ার্ন।

এই অর্ধেই আরও একটি গোল করার দারুণ সুযোগ পেয়েছিলেন কেইন, কিন্তু কাছ থেকে হেডে লক্ষ্যভ্রষ্ট হন তিনি। দ্বিতীয়ার্ধের একাদশ মিনিটে জসুয়া কিমিখ দলের হয়ে চতুর্থ গোলটি করে জয়ের আনুষ্ঠানিকতা সম্পন্ন করেন।

এই জয়ে ৩০ ম্যাচে ৭২ পয়েন্ট সংগ্রহ করে টেবিলের শীর্ষে অবস্থান করছে বায়ার্ন মিউনিখ। ২২তম জয় তুলে নিয়ে তারা এগিয়ে গেল রেকর্ড ৩৪তম লিগ শিরোপার পথে। দ্বিতীয় স্থানে থাকা বায়ার লেভারকুজেনের পয়েন্ট ৬৩, যদিও তারা একটি ম্যাচ কম খেলেছে।

গত বছরের হারের দুঃখ ভুলে এবার বড় জয় ও শিরোপার সুবাসে ভাসছে ভিনসেন্ট কোম্পানির দল।

# উইলিয়ামসনের চোখে আগামীর সেরা পাঁচ তারকা

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

নিউজিল্যান্ডের তারকা ব্যাটসম্যান কেন উইলিয়ামসন এক সাক্ষাৎকারে বিশ্ব ক্রিকেটের পরবর্তী 'ফ্যাব ফাইভ' হিসেবে উঠে আসতে পারেন এমন পাঁচজন তরুণ খেলোয়াড়ের নাম উল্লেখ করেছেন। বর্তমান সময়ে বিরাট কোহলি, স্টিভ স্মিথ, জো রুট এবং উইলিয়ামসনের সমন্বয়ে গঠিত 'ফ্যাব ফোর'-এর ভবিষ্যৎ প্রজন্ম কারা হতে পারেন, এমন প্রশ্নের জবাবে উইলিয়ামসন চারজন নয়, বরং পাঁচজন প্রতিভাবান তরুণ ক্রিকেটারের নাম বলেন।

বর্তমানে পাকিস্তান সুপার লিগের (পিএসএল) করাচি কিংস দলে থাকলেও, উইলিয়ামসন এখন ভারতেআইপিএলে ধারাভাষ্য দিচ্ছেন। সেখানেই এক ভারতীয় সংবাদমাধ্যমে সাক্ষাৎকারে অংশ নিয়ে তিনি বলেন, 'আমার মনে হয় এই পাঁচজন তরুণ ক্রিকেটার আগামী দিনে বিশ্ব ক্রিকেট শাসন করতে পারে— যশস্বী জয়সওয়াল (ভারত), শুভমন গিল (ভারত), রচিন রবীন্দ্র (নিউজিল্যান্ড), হ্যারি ব্রুক (ইংল্যান্ড) এবং ক্যামেরন গ্রিন (অস্ট্রেলিয়া)।'



উইলিয়ামসনের সেই অনুষ্ঠানে ভক্তদেরও প্রশ্ন করার সুযোগ ছিল। ভক্তদের সঙ্গে কথোপকথনে মজার একটি প্রশ্নের মুখোমুখি হন উইলিয়ামসন। তাকে বলা হয়—যদি তিনি অন্য কোনো ব্যাটারের একটি শট নিতে পারতেন, তাহলে কোনটি বেছে নিতেন? উত্তরে উইলিয়ামসন বলেন, 'আমি বিরাট কোহলির লেগ সাইডে খেলা ফ্লিক শটটি বেছে নিতাম। সেটা দারুণ স্টাইলিশ।'

একই আলোচনায় উইলিয়ামসন নিজের ক্রিকেটজীবনের অনুপ্রেরণা সম্পর্কে বলতে গিয়ে বলেন,'আমার ক্রিকেট আইডল ছিলেন শচীন টেন্ডুলকার। তিনি একজন কিংবদন্তি। এই মাঠেই তিনি খেলতেন, এবং মাঝে মাঝে এখনো তাকে খেলতে দেখি।'

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR